

১৭/০৮ ২৪

## উগ্র পরীক্ষার উত্তরপত্র জালিয়াতি সিন্ডিকেটের শিক্ষক কর্মচারীদের খুঁজছে পুলিশ

রাজশাহী ব্যুরো

উগ্র পাস পরীক্ষার ইংরেজি বিষয়ের উত্তরপত্র জালিয়াতির মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফেল করা ছাত্রদের পাস করানোর সঙ্গে জড়িত একাধিক সিন্ডিকেটের খোঁজ পেয়েছে রাজশাহী মহানগর গোয়েন্দা পুলিশ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিষয়ের পরীক্ষক অধ্যাপক আবদুল হামিদ, বরিশালের সংরক্ষক মাদ্রাসা শিক্ষক আবদুল রহিম ও নাটোরের লালপুরের গোলাম আজম বকুল পুলিশকে চাকলাকার তথ্য দিয়েছে। প্রাপ্ত তথ্যানুযায়ী আরএমপির গোয়েন্দা পুলিশ ওইসব সিন্ডিকেটের সঙ্গে জড়িত জাতীয় বিশ্ববিদ্যালয়ের আরও পরীক্ষক এবং কর্মচারীকে প্রেফতারের জন্য খবর হয়ে খুঁজছে। তবে পুলিশ উত্তরপত্র জালিয়াতির সঙ্গে জড়িত ওইসব সিন্ডিকেট মুনসাকে, প্রেফতারের লক্ষ্যে বিস্তারিত তথ্য প্রকাশে অস্বীকৃতি জানিয়েছে।

আরএমপির ডিবি'র পরিদর্শক, মাইফুল ইসলাম জামান, প্রেফতারকৃত আবদুল হামিদ, আবদুল রহিম ও বকুল জিজ্ঞাসাবাদ করেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পাবলিক পরীক্ষার উত্তরপত্র জালিয়াতির সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মচারীসহ পরীক্ষকদের একাধিক সিন্ডিকেট জড়িত রয়েছে। ওইসব সিন্ডিকেট সদস্য পরীক্ষকদের কাছ থেকে উত্তরপত্রের কোড নম্বর নিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় বা বোর্ডের একশ্রেণীর কর্মচারীর সহায়তায় ফেল করা শিক্ষার্থীদের উত্তরপত্রের কভার পত্রার ফটোকপি করে। সেগুলো সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের কাছে নিয়ে তাতে পাস করে নেয়ার জন্য অর্থ দাবি করে। পুলিশ এ ঘটনায় জড়িত ঢাকার এক কলেজ শিক্ষক ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক পরীক্ষার্থীকে খুঁজছে।

তিনি আরও জানান, প্রেফতারকৃত কুড়িগ্রামের গৌমারী মহিলা কলেজের অধ্যাপক আবদুল জামমদ পুলিশকে জানিয়েছে, আবদুল রহিমের সহায়তায় তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিষয়ের পরীক্ষক হিসেবে নিযুক্ত হয়েছেন। এ কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্তৃক কর্মচারী তাদের সহায়তা করেছে। এই চক্রের মাধ্যমেই প্রেফতারকৃত গোলাম আজম বকুল এক বছর আগে ১০ হাজার টাকায় বিনিময়ে পরীক্ষকের কাছে পাস উত্তরপত্রে পুনরায় উত্তর লিখে পাস করেছে। এ কারণে বকুলও জালিয়াত চক্রের বিশ্বস্ত সহযোগী হিসেবে জালিয়াতির কাজে জড়িয়ে পড়েছে।

এদিকে রাজশাহী ঢাকা ও কুড়িগ্রাম প্রেফতারকৃত জাতীয় বিশ্ববিদ্যালয়ের উগ্র পাস পরীক্ষার ইংরেজি বিষয়ের খবর জালিয়াত চক্রের তিন সদস্য প্রেফতারের ঘটনায় রাজশাহীতে জেদপাড় গুল হয়েছিল।